

**বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)**  
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি প্রেরণকারী একমাত্র সরকারি প্রতিষ্ঠান)  
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: [www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd)

নং- ৪৯.০২.০০০০০.০০০.০১.০৬৩.২২

তারিখ : ২৫.০২.২০২৫

## দক্ষিণ কোরিয়ায় মৎস্য খাতে বরিশাল বিভাগ থেকে পুরুষ মৌসুমী কর্মী নিয়োগ

বরিশাল বিভাগের আওতাধীন জেলাসমূহের স্থায়ী নাগরিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং দক্ষিণ কোরিয়ায় গুয়ানডো-গুন কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী দক্ষিণ কোরিয়ার Land Fishery Sector এবং Sea Farming -এ বাংলাদেশি মৌসুমী কর্মী (পুরুষ) নিয়োগ দেয়া হবে।

বরিশাল বিভাগের আওতাধীন জেলাসমূহের অধিবাসী সমুদ্রে মৎস্য আহরণ কাজে নিয়োজিত এবং মৎস্য অধিদপ্তরের তালিকাভুক্ত প্রকৃত মৎস্যজীবীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ২৭/০২/২০২৫ (বৃহস্পতিবার) সকাল ১১ টায় বোয়েসেল অফিসে জীবন বৃত্তান্ত, Fisherman ID Card ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ ব্যক্তিগতভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

মেয়াদ	বেতন (ওন)	কর্ম ঘণ্টা	সাপ্তাহিক ছুটি	মন্তব্য
প্রাথমিকভাবে ০৫ মাস	১০,০৩০ প্রতি ঘণ্টায় মাসিক বেতন আনুমানিক বাংলাদেশি টাকা ১,৭০,০০০/-	০৮ ঘণ্টা (ওভার টাইমের সুযোগ আছে)	০১ দিন	ভিসার ধরণ-E-8

### চাকরির শর্তাবলী

১। বৈধ পাসপোর্টধারী ন্যূনতম ১ বছর মেয়াদ থাকতে হবে;

২। বয়স ২৫-৩৫ বছর হতে হবে;

৩। Land Fishery Sector এবং Sea Farming খাতে ১ বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

৪। বরিশাল বিভাগের আওতাধীন জেলা/উপজেলা মৎস্য অধিদপ্তর থেকে Fisherman ID Card (FID) - থাকতে হবে

৫। সমুদ্রগামী জেলের তালিকাভুক্ত FID-কার্ডধারী কোরিয়ান/ইংরেজী ভাষা পারদর্শী ও ইপিএস পদ্ধতিতে রোস্টারভুক্ত বা রোস্টার হতে ডিলিটকৃত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;

৬। নিয়োগকর্তার চাহিদা মোতাবেক কর্মকাল সম্পন্ন করে নির্ধারিত সময় দেশে ফেরত আসতে হবে;

৭। প্রত্যাগত মৌসুমী কর্মী বোয়েসেলের মাধ্যমে পরবর্তী নিয়োগ প্রক্রিয়ায় অগ্রাধিকার পাবে এবং ২য় ও ৩য় বারে ভিসা ক্যাটাগরী পরিবর্তন করার সুযোগ থাকবে;

৮। কালার ব্লাইন্ডনেস বা রঙ বোঝার সক্ষমতার সমস্যা মুক্ত হতে হবে;

৯। মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

১০। ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তি প্রাপ্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

১১। দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

১২। দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

১৩। ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়াতে ৫ বছরের বেশি অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

১৪। দক্ষিণ কোরিয়ায় যাওয়া-আসার বিমান ভাড়াসহ নির্ধারিত ব্যয় কর্মীর নিজে থেকে বহন করতে হবে এবং

১৫। অন্যান্য সুযোগ সুবিধা কোরিয়ার শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য।

### বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয়

নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত সার্ভিস চার্জ, প্রশিক্ষণ ফি, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের উপর ১৫% ভ্যাট, ভিসা ফি, কল্যাণ ফি, বিমাসহ সমুদ্র ব্যয় ৪৮,৮২০/- (আটচল্লিশ হাজার আটশ বিশ) টাকা এবং নির্ধারিত ফেরতযোগ্য জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রার্থীকে বহন করতে হবে। তাছাড়া প্রার্থীকে দক্ষিণ কোরিয়ায় কর্ম সম্পন্ন করে দেশে ফেরত আসবে মর্মে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্বাচিত প্রার্থীর অভিভাবক ও সুপারিশকারীকে স্বাক্ষর করতে হবে। চূড়ান্ত নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হলে নিয়োগকর্তা কর্তৃক CCVI ইস্যু ও ভিসা সংক্রান্ত কার্যাদির যাবতীয় প্রমাণাদি ও নির্ধারিত সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয়ের পে-অর্ডার বোয়েসেলে দাখিল করতে হবে।

বি. দ্র.: অনলাইনে আবেদন চাকরির সাক্ষাৎ ও চূড়ান্ত নির্বাচনের নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে বর্ণিত শর্তাবলী পূরণ করে চূড়ান্তভাবে নির্বাচিত হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত না হওয়ায় পর্যন্ত বোয়েসেলকে কোনো সার্ভিস চার্জ/ফি প্রদান করতে হয় না। নির্ধারিত চার্জ/ফি ব্যাংক কর্তৃক পে-অর্ডার মাধ্যমে প্রদান করতে হবে।

বোয়েসেল কর্তৃপক্ষ।